আটপাড়া উপজেলা পরিষদ কার্যালয়
উপজেলা: আটপাড়া, জেলা: নেত্রকোণা।

## আটপাড়া উপজেলা পরিষদের জুলাই/২০২৩ মাসে অনুষ্ঠিত সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ খায়রুল ইসলাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।
সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, আটপাড়া, নেত্রকোণা।
সভার তারিখ : ১৩ জুলাই ২০২৩ খ্রিঃ
সভার সময় : বেলা : ১১.৩০ ঘটিকা।

সভায় উপজেলা পরিষদ চেয়ারম্যান উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর স্বাগত বক্তব্যসহ সভার কার্যক্রম পরিচালনা করার জন্য জনাব মোঃ শাকিল আহমেদ, উপজেলা নির্বাহী অফিসার ও মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা-কে অনুরোধ করেন। চেয়ারম্যান মহোদয়ের অনুরোধক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা উপজেলা পরিষদের জুন/২০২৩ মাসের কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান এবং এতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে সভায় দৃঢ়ীকরণ করা হয়। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী এ মাসের মাসিক সভায় বিভাগ ভিত্তিক কার্যক্রম আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

**০১। বিভাগীয় আলোচনা :**

| ক্র: নং | বিভাগীয় আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১. | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগ:** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা আটপাড়া,নেত্রকোণা |
| ০২. | **উপজেলা স্বাস্থ্য ও প: প: বিভাগ:** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আটপাড়া সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের প্রয়োজনীয় যন্ত্রপাতিক্রয়সহ বিভিন্ন কার্যক্রমে সহযোগীতার জন্য চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসারকে ধন্যবাদ জ্ঞাপন করেন। সম্প্রতি সারাদেশে ডেঙ্গু প্রাদুর্ভাব বেড়ে গিয়েছে এর প্রেক্ষিত আটপাড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের প্রয়োজনীয় কর্মক্রম চালু করা হয়েছে। ডেঙ্গু প্রতিরোধে উপজেলা পরিষদের কার্যক্রমগুলো চলু রাখার জন্য চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। এর এছাড়া অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে সেবার মান আরো বৃদ্ধি করতে হবে। | উপজেলা প্রকৌশলী আটপাড়া, নেত্রকোণা। |
| ০৩. | **কৃষি বিভাগ:** উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থবছরে ৯৫০ জন কৃষকের মাঝে রোপা আমনের প্রণোদনা বিতরণ করা হয়েছে। আউশের আবাদ ভালো হয়েছে। এ মাসে একটি কৃষি মেলা বাস্তবায়ন করা হবে। । এছাড়া অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| ০৪. | **ত্রাণ ও দুর্যোগ বিভাগ:** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, বন্যার আগাম পূর্বপ্রস্তুতির জন্য দূর্যোগ ব্যবস্থাপনা কমিনিটির সভা সম্পন্ন হয়েছে। উপজেলা নির্বাহী অফিসারের সহযোগিতায় বন্যা মোকাবেলায় উপজেলায় একটি কন্ট্রোল রুম চালু করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বন্যা মোখাবেলায় সকল চেয়রম্যানগণ ইউপি টিম নিয়ে প্রস্তুত থাকার জন্য অনুরোধ করেন। | ১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, আটপাড়া,নেত্রকোণা।<br>২. ইউপি চেয়ারম্যান (সকল) আটপাড়া, নেত্রোকণা। |
| ০৫. | **প্রাথমিক শিক্ষা বিভাগ:** উপজেলা শিক্ষা অফিসার, আটপাড়া জানান যে, "জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগীতা/২০২২ ও ২০২৩ সুন্দর ভাবে সম্পন্ন হয়ে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে এবং কোন কোন স্কুলে জলাবদ্ধতার সৃষ্টি হয় তার তালিকা | উপজেলা শিক্ষা অফিসার আটপাড়া, নেত্রকোণা। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | উক্ত কার্যক্রম বাস্তবায়নে সহযোগীতা করার জন্য সকলকে ধন্যবাদ জানান। কিছু স্কুলে বর্ষা মৌসুমে জলাবদ্ধতার সৃষ্টি হয় তা নিরোশনের জন্য সহযোগিতা কামনা করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | করে দেয়ার জন্য বলা হয়। | |
| ০৬. | **সমাজসেবা বিভাগ:** উপজেলা সমাজ সেবা অফিসার, আটপাড়া জানান যে, ২০২২-২৩ অর্থবছরের সকল কিস্তির বিভিন্ন কার্যক্রমের ভাতার অর্থ বিতরণ করা হয়েছে। প্রতিবন্ধী জরিপ কার্যক্রম চলমান আছে। কোন প্রতিবন্ধী থাকলে তা জানানোর জন্য সকল চেয়ারম্যানগণের প্রতি অনুরোধ জানান। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ০১. প্রতিবন্ধী জরিপ কার্যক্রমে সঠিক তালিকা করার বিষয়ে সজাগ থাকতে হবে।<br>০২. সেবা প্রার্থীদের টাকা প্রতারক চক্র যেন না নিতে পারে সে বিষয়ে লক্ষ রাখতে হবে প্রয়োজনে নাম্বার সংগ্রহ করে থানায় যোগাযোগ করতে হবে। | ১. উপজেলা সমাজসেবা অফিসার আটপাড়া, নেত্রকোণা।<br>২. ইউপি চেয়ারম্যান (সকল) আটপাড়া, নেত্রোকণা। |
| ০৭ | **স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ:** উপজেলা প্রকৌশলী সভায় জানান, বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরো জনান যে, উপজেলা উন্নয়ন তহবিল হতে পরিষদ অভন্তরে রাস্তা মেরামত ও ইউডিসি ভবনের সৌচাগার মেরামতের জন্য ৫,০০,০০০/- (পাচ লক্ষ) টাকা ব্যয়ে প্রকল্প গ্রহণ করা প্রয়োজন। | উপজেলা উন্নয়ন তহবিল হতে ৫,০০,০০০/- (পাচ লক্ষ) টাকা ব্যয়ে পরিষদ অভন্তরে রাস্তা মেরামত ও ইউডিসি ভবনের সৌচাগার মেরামতের প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী আটপাড়া, নেত্রকোণা। |
| ০৮. | **সমবায় বিভাগ:** কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।। | উপজেলা সমবায় অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| ০৯. | **যুব উন্নয়ন অধিদপ্তর:** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ঋণ আদায় কার্যক্রম চলমান। প্রশিক্ষণ কার্যক্রম স্বাভাবিক। তার কার্যালয় মেরামত করে দেয়ার জন্য চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসারকে ধন্যবাদ জনান। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে এবং ঋণ আদায়ে মাঠ ভিজিট বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার আটপাড়া,নেত্রকোণা। |
| ১০. | **পরিবার পরিকল্পনা বিভাগ:** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জনানান যে, বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা। |
| ১১. | **পল্লী উন্নয়ন বিভাগ:** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ঋণ বিতরণ এবং আদায় কার্যক্রম অব্যাহত রয়েছে। খেলাপী ঋণ আদায়ের জন্য সমিতি/দল পর্যায়ে সদস্য ওয়ারী ঋন পরিশোধের জন্য নোটিশ প্রদান করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ঋণ আদায় কার্যক্রম জোরদার করতে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা আটপাড়া,নেত্রকোণা। |
| ১২ | **মৎস্য বিভাগ:** উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, আগামী ২৪.০৭.২০২৩ হতে ৩০.০৭.২০২৩ পর্যন্ত মৎস্য পক্ষ শুরু হবে। এর জন্য সকলকে আমন্ত্রণ জনান। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা |
| ১৩. | **উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা:** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা। |
| ১৪. | **উপজেলা খাদ্য বিভাগ:** কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।। | উপজেলা খাদ্য কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা। |
| ১৫. | **উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:** উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান যে, বন্যা প্রস্তুতির জন্য তার দপ্তরে পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট ব্লিসিং পাউডারসহ জরুরী ভিত্তিতে নলকুপ স্থাপনের প্রয়োনীয় মালামল মজুদ আছে। তিনি আরো জানান যে, | স্থান তালিকা দ্রুত দেয়ার সিদ্ধান্ত গ্রহীত হয়।<br>যেগুলোর কাজ চলমান সেগুলোর কাজ দ্রুত সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে | চেয়ারম্যান সকল আটপাড়া নেত্রকোণা।<br>ও<br>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | উপজেলা WATSON কমিটির মিটিং হওয়ার পরেও ২০২২-২০২৩ অর্থ বছরের স্থান তালিকা পাওয়া যায়নি। স্থান তালিকা দ্রুত প্রয়োজন। অন্যথায় কাজ বাস্তবায়নে জঠিলতা তৈরী হবে। আশ্রয়ন প্রকল্পে সাব মার্সেবল টিউবওয়ে স্থপনের কাজ চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | হবে। | আটপাড়া, নেত্রকোণা। |
| ১৬ | বিদ্যুৎ বিভাগ, আটপাড়া: কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।। | সহকারী জেনারেল ম্যানেজার, আটপাড়া পল্লী বিদ্যুৎ সমিতি, আটপাড়া, নেত্রকোণা। |
| ১৭ | তথ্যসেবা বিভাগ,(তথ্যআপা), আটপাড়া: তথ্যআপা কর্মকর্তা সবায জানান যে, ডোর টু ডোর কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিক ভাবে চলছে। নিয়মিত উঠান বৈঠক করা হচ্ছে। তথ্য কেন্দ্রে চাকরির আবেদন, প্রেসার পরিমাপ, ডায়বেটিকস পরীক্ষা, ওজন ও উচ্চতা পরিমাপ করা হচ্ছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | তথ্যসেবা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। |

০৩ (১) চেয়ারম্যান, স্বরমুশিয়া ইউনিয়ন পরিষদঃ তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

০৩ (২)চেয়ারম্যান, শুনই ইউনিয়ন পরিষদঃ

তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বলেন যে, গোয়াতলা হাস্পাতালের পাশে সাকো দেয়া আছে দ্রুত ব্রিজের কাজ শুরু করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানান। শুনই মড়ল বাড়িতে ইউড্রেইন নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।

০৩(৩)চেয়ারম্যান, দুওজ ইউনিয়ন পরিষদঃ

তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বলেন যে, গভীরনলকূপ স্থাপনের দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।

৩ (৪)চেয়ারম্যান, লুনেশ্বর ইউনিয়ন পরিষদঃ তিনি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন যে, নির্বাচনে ভোট গ্রহণের ও প্রদানের সুবিধার্থে রামসিদ্ধ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ভোট কেন্দ্র স্থাপনের জন্য অনুরোধ জানান।

৩ (৫) চেয়ারম্যান, বানিয়াজান ইউনিয়ন পরিষদঃ তিনি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন যে, গভীর নলকূপ প্রাপ্ত ব্যক্তিদের নামের তালিকা অনুযায়ী সকলের বাড়িতে প্রয়োজনীয় মালামাল দ্রুত প্রেরণ করার জন্য জন্য অনুরোধ করেন। আসন্ন জাতীয় নির্বাচনে বানিয়াজান সিটি পাইলট উচ্চ বিদ্যালয় কেন্দ্রে ভেঙ্গে শহীদ স্বরিনকা উচ্চ বিদ্যালয়ে আরেকটি কেন্দ্র স্থাপনের জন্য অনুরোধ জানান।

০৩ (৬) চেয়ারম্যান, তেলিগাতী ইউনিয়ন পরিষদঃ তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

০৩ (৭) চেয়ারম্যান, সুখারী ইউনিয়ন পরিষদঃ তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

০৪। ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা: তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

০৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা: তিনি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বক্তব্য রাখেন।

০৬। উপজেলা নির্বাহী অফিসার, আটপাড়া, নেত্রকোণা: তিনি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বক্তব্য রাখেন। সকল বিভাগের সরকারি দায়িত্ব যথাযথভাবে পালন করার জন্য আহবান জানান। বিশেষ করে শিক্ষা, স্বাস্থ্য ক্ষেত্রে গুরুত্ব আরোপের জন্য সংশ্লিষ্ট সকলকে আরো তৎপর হওয়ার আহবান জানান। তিনি আরো জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে UGDP প্রজেক্টের আওতায় আটপাড়া উপজেরার জন্য ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া যায় এবং প্রজেক্টের নির্দেশনা অনুযায়ী উক্ত অর্থ অগ্রণী ব্যাংকের মাধ্যমে পরিচলনা করতে হবে।

সিদ্ধান্ত: ২০২১-২০২২ অর্থ বছরে UGDP প্রজেক্টের আওতায় আটপাড়া উপজেরার প্রাপ্ত বরাদ্দ পরিচলালনার জন্য অগ্রণী ব্যাংকে "উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প আটপাড়া নেত্রকোণা" নামে একটি হিসাব খোলার সিদ্ধান্ত গৃহীত হয়।

০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা: তিনি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বক্তব্য রাখেন। তিনি জনপ্রতিনিধি, সকল বিভাগীয় কর্মকর্তা এবং ইউপি চেয়ারম্যানগণকে বার্ষিক উন্নয়ন কর্মসূচির কাজসহ অন্যান্য উন্নয়নমূলক কাজ যথাযথ সময়ে সম্পন্ন করার জন্য বাস্তব পদক্ষেপ গ্রহণ করার অনুরোধ জানান।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ খায়রুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
আটপাড়া, নেত্রকোণা

CS CamScanner